একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

মুজিব বর্ষে বিআরডিবি'র অঙ্গীকার
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০৭৫.২১-৯৭৬০ তারিখঃ ২১/১০/২০২১ খ্রিঃ

## কর্মসূচির জনবল স্থানান্তর বিজ্ঞপ্তি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো) ও উৎপাদনমুখী কর্মসংস্থান কর্মসূচি (পিইপি) এর নিম্নবর্ণিত পদসমূহে সাকুল্য বেতনে/জাতীয় বেতন স্কেলে কর্মসূচি'র মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে স্থানান্তর ও প্যানেল তৈরীর নিমিত্ত বিআরডিবি কর্তৃক পরিচালিত কর্মসূচি'র জনবল হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র নং | পদের নাম | কর্মসূচি'র নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা | ইরেসপো | ০৫ | গ্রেড-১০ (সাকুল্য বেতন) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে কমপক্ষে ২য় বিভাগে স্নাতক(অনার্স)/স্নাতকোত্তর ডিগ্রী। |
| ০২ | প্রশিক্ষক (কম্পিউটার, সেলাই ও হস্ত শিল্প, ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স) | ইরেসপো | ০৩ | গ্রেড-১০ (সাকুল্য বেতন) | যে কোন বিষয়ে ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। |
| ০৩ | হিসাব রক্ষক | ইরেসপো | ০২ | গ্রেড-১১ (সাকুল্য বেতন) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে ২য় বিভাগে স্নাতক ডিগ্রী। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। |
| ০৪ | হিসাব সহকারী | ইরেসপো | ০৪ | গ্রেড-১৪ (সাকুল্য বেতন) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে ২য় বিভাগে স্নাতক ডিগ্রী অথবা হিসাব সংক্রান্ত কাজে অভিজ্ঞতাসহ যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রী। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। |
| ০৫ | মাঠ সংগঠক | ইরেসপো | ২৭ | গ্রেড-১৪ (সাকুল্য বেতন) | স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পাশ। |
| | | পিইপি | ৩৭ | গ্রেড-১৪ (জাতীয় বেতন স্কেলে ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক পাশ। |
| ০৬ | ডাটা এন্ট্রি অপারেটর/ কম্পিউটার অপারেটর | ইরেসপো | ০১ | গ্রেড-১৪ (সাকুল্য বেতন) | স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমান পাশ। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। |
| ০৭ | বাবুর্চি | ইরেসপো | ০১ | গ্রেড-১৯ (সাকুল্য বেতন) | ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ। যে কোন কর্মসূচিতে কর্মরত হতে হবে। |
| ০৮ | অফিস সহায়ক/ হোস্টেল বয়/ নাইট গার্ড/ সহকারী বাবুর্চি | ইরেসপো | ০৯ | গ্রেড-২০ (সাকুল্য বেতন) | ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ। |

শর্তাবলী:

১. আবেদনকারীকে বাংলায় প্রার্থীত পদের নাম, নিজের নাম, পিতা/স্বামীর নাম,মাতার নাম, নিজ জেলা, স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, বৈবাহিক অবস্থা, ধর্ম, বিআরডিবি'র চলমান কর্মসূচি-তে কর্মরত পদের নাম, ১ম যোগদানের তারিখ ও বর্তমান কর্মস্থলসহ কর্মসূচির নাম ও কর্মদক্ষতার বিবরণ ইত্যাদি উল্লেখপূর্বক সাদা কাগজে নিজ স্বাক্ষরযুক্ত আবেদন করতে হবে।

২. প্রকল্প/কর্মসূচিতে আউটসোর্সিং/দৈনিক হাজিরার ভিত্তিতে কর্মরত কর্মচারী আবেদন করতে পারবেন।

৩. আবেদনকারী প্রকল্প/কর্মসূচি'র যে পদে কর্মরত রয়েছে তাঁকে সে পদ/সমপর্যায়/নিম্ন পদের জন্য আবেদন করতে হবে।

৪. যে সকল কর্মকর্তা/কর্মচারী সম্পর্কে হস্তমজুদ/আত্মসাৎ/প্রশাসনিক/আর্থিক অনিয়মের অভিযোগ রয়েছে অথবা বিভাগীয় মামলা/মানিস্যুট মামলা চলমান রয়েছে অথবা বিভাগীয় মামলায় দন্ডপ্রাপ্ত হয়েছেন অথবা পলাতক/অননুমোদিতভাবে ০২ মাস অথবা তদুর্ধ্বকাল কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন,তাঁদের আবেদন করার সুযোগ নেই এবং বর্ণিত বিষয়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/উপপরিচালক এর নিকট হতে গৃহীত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

৫. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত প্রমাণাদি দাখিল করতে হবে:
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, তবে কোন ক্ষেত্রেই ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়;
(খ) সদ্য তোলা পাসপোর্ট আকারের ৪(চার) কপি সত্যায়িত ছবি;
(গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
(ঘ) প্রকল্প/কর্মসূচি'তে প্রথম নিয়োগপত্র ও যোগদান পত্রের ছায়ালিপি;

৬. আবেদনপত্রের খামের উপর প্রার্থিত পদের নাম ও নিজ জেলা স্পষ্ট করে উল্লেখ করতে হবে।

৭. ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে এবং আবেদনপত্রে কোন তথ্য গোপন করা হলে বা ভুল প্রমাণিত হলে পরবর্তীতে তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. প্রার্থীদের মধ্য হতে পদওয়ারী স্থানান্তর ও অপেক্ষমান তালিকা তৈরী করা হবে। এক্ষেত্রে ইরেসপোর যোগ্য আবেদনকারী ও নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরত আবেদনকারীদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে।

৯. স্থানান্তরিত কর্মকর্তা/কর্মচারীর বেতন-ভাতাদি বিতরনকৃত ঋণের বিপরীতে আদায়কৃত সেবামূল্য/কর্মসূচি'র আয় হতে পরিশোধযোগ্য হবে ।

১০. আবেদনকারীকে উপরে উল্লেখিত শর্তাদি পূরণ সাপেক্ষে ১০/১১/২০২১ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে স্ব স্ব প্রকল্প/কর্মসূচি পরিচালক অথবা সংশ্লিষ্ট ইউআরডিও/ডিডি'র মাধ্যমে **মহাপরিচালক, বিআরডিবি, পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫** বরাবরে সকল কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

১১. চুক্তিভিত্তিক নিয়োগ হতে স্বেচ্ছায় অব্যাহতি গ্রহণকারী/প্রাতিষ্ঠানিক স্বার্থে অব্যাহতি প্রাপ্ত হলে (যাদের বিরুদ্ধে কর্মকালীন কোন অভিযোগ নেই) আবেদন করতে পারবেন। এক্ষেত্রে আবেদনকারী মাধ্যম ব্যতীত সরাসরি মহাপরিচালক বরাবর আবেদন করতে পারবেন।

১২. প্রশিক্ষক, বাবুর্চি ও অফিস সহায়কের পদসমূহ নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের জন্য নির্ধারিত।

১৩. বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে এবং এ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সুপ্রিয় কুমার কুন্ডু
মহাপরিচালক (গ্রেড-১)

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/পরিকল্পনা),বিআরডিবি, ঢাকা।
২. যুগ্মপরিচালক/কর্মসূচি পরিচালক/নির্বাহী পরিচালক, বিআরডিবি, ঢাকা/ফরিদপুর।
৩. উপপরিচালক (সকল),............... জেলা, বিআরডিবি।
৪. উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়), বিআরডিবি, ঢাকা।
৫. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল),............ উপজেলা............ জেলা, বিআরডিবি।
৮. অফিস নথি।